দৈনিক খবর

তারিখ 19 SEP 1991
পৃষ্ঠা ১ কলাম ৪

19 SEP 1991

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ১৯৯০ সালের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষার ফলাফল গতকাল বুধবার প্রকাশ করা হয়েছে। একই সাথে বিএসসি, গার্হস্থ্য অর্থনীতি পাস ও বি মিউজিক পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## ডিগ্রী পরীক্ষার

প্রথম পৃষ্ঠার পর

বিএ পাস পরীক্ষায় মোট ৫০ হাজার ৩শ' ২০ জন পরীক্ষার্থীর মধ্যে ১৪ হাজার ৬শ' ৮৯ জন উত্তীর্ণ হয়েছেন। পাসের হার ২৯.১৯ শতাংশে। এর মধ্যে ১ম বিভাগে ২১ জন, ২য় বিভাগে ৫ হাজার ৪শ' ৪৫ জন, ৩য় বিভাগে ৯ হাজার ২শ' ২২ জন এবং পাস পেয়ে ১ জন উত্তীর্ণ হয়েছেন।

বিএসসি পাস পরীক্ষায় ৮ হাজার ২শ' ৪৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৩ হাজার ৩শ' ৭১ জন উত্তীর্ণ হয়েছেন। পাসের হার ৪০.৮৭ শতাংশে। এর মধ্যে ১ম বিভাগে ৪৯ জন, ২য় বিভাগে ১ হাজার ৬শ' ৯৮ জন, ৩য় বিভাগে ১ হাজার ৬শ' ২২ জন এবং পাস পেয়ে ২ জন উত্তীর্ণ হয়েছেন।

বিকম পাস পরীক্ষায় ১০ হাজার ৬শ' ৭৮ জন পরীক্ষার্থীর মধ্যে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। ৪ হাজার ৩শ' ২০ জন। পাসের হার ৪০.৪৫ শতাংশে। এর মধ্যে ১ম বিভাগে ২ জন, ২য় বিভাগে ১ হাজার ৭৮ জন ও ৩য় বিভাগে ৩ হাজার ২শ' ৪০ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন।

বিএ সাবসিডিয়ারী পরীক্ষায় ৩ হাজার ৭শ' পরীক্ষার্থীর মধ্যে ২ হাজার ৫শ' ৫৪ জন কৃতকার্য হয়েছেন। পাসের হার ৬৯.০ শতাংশে।

বিএসসি সাবসিডিয়ারী পরীক্ষায় সর্বমোট ৩ হাজার ১শ' ৬০ জন পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছেন ৯শ' ২২ জন। পাসের হার ২৯.২ শতাংশে।

বিকম সাবসিডিয়ারী পরীক্ষায় ২ হাজার ৬শ' ৯৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৬০১ জন কৃতকার্য হয়েছেন। পাসের হার ২২.৩ শতাংশে।

গার্হস্থ্য অর্থনীতি পরীক্ষায় ৪১ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৯ জন উত্তীর্ণ হয়েছেন। এর মধ্যে ১৫ জন ১ম বিভাগে ও ২৪ জন দ্বিতীয় বিভাগে। ১ জন রেফার্ড পেয়েছে। পাসের হার ৯৭.৫ শতাংশে। সব পরীক্ষার্থী গার্হস্থ্য অর্থনীতি মহাবিদ্যালয় ঢাকা থেকে পরীক্ষায় অংশগ্রহণ করেছেন।

বি মিউজিক পরীক্ষায় ৩১ জন পরীক্ষার্থীর মধ্যে ২ জন প্রথম বিভাগ, ২১ জন দ্বিতীয় বিভাগ, ২ জন তৃতীয় বিভাগ ও ৬ জন পরীক্ষার্থী রেফার্ড পেয়েছেন। পাসের হার ৫৯.৫২ শতাংশে।

মহানগরী কলেজ ও মফস্বলের বহিরাগত পরীক্ষার্থীদের ফলাফল তাদের স্ব স্ব কলেজ ও কেন্দ্রে পাঠানো হয়েছে ও ঢাকা কেন্দ্রের বহিরাগত পরীক্ষার্থীদের ফলাফল ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের নীচ তলায় টাঙ্গিয়ে দেয়া হয়েছে।